

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ৪, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৯ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ/ ০৪ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.২২.২৯৩—প্রধানমন্ত্রীর মুখ্যসচিব ড. আহমদ কায়কাউস ১৯৮৪ সালের নিয়মিত ব্যাচে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানপূর্বক সুদীর্ঘ প্রায় ৩৭ বৎসর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ০৮ ডিসেম্বর ২০২২ তারিখে সরকারি চাকুরি হতে অবসর গ্রহণ করবেন।

২। ড. আহমদ কায়কাউস সুদীর্ঘ সময় প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত থেকে পেশাদারিত্ব, দক্ষতা, বিচক্ষণতা ও সুনামের সঙ্গে দায়িত্ব পালনের মাধ্যমে দেশ ও জাতির কল্যাণে কাজ করেন। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব হিসাবেও তাঁর কর্তব্যপরায়ণতা, সার্বক্ষণিক পরিবীক্ষণ ও তদারকি সরকারের বিভিন্ন অগ্রাধিকার কর্মসূচির দ্রুত বাস্তবায়নসহ সার্বিক কর্মকাণ্ডে উদ্ভাবনী ও গতিশীলতা সঞ্চার করেছে।

০৩। দেশ ও জাতির সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য ড. আহমদ কায়কাউসকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানিয়ে, একইসঙ্গে বিশ্বব্যাংকের বিকল্প নির্বাহী পরিচালক হিসেবে দায়িত্ব পালনের ক্ষেত্রে তাঁর সর্বাঙ্গীণ সাফল্য কামনা করে মন্ত্রিসভার ১৩ অগ্রহায়ণ ১৪২৯/২৮ নভেম্বর ২০২২ তারিখের বৈঠকে একটি ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়।

০৪। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব

(১৮৭১১)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

১৩ অগ্রহায়ণ ১৪২৯
ঢাকা: ২৮ নভেম্বর ২০২২

প্রধানমন্ত্রীর মুখ্যসচিব ড. আহমদ কায়কাউস ১৯৮৪ সালের নিয়মিত ব্যাচে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানপূর্বক সুদীর্ঘ প্রায় ৩৭ বৎসর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ০৮ ডিসেম্বর ২০২২ তারিখে সরকারি চাকুরি হতে অবসর গ্রহণ করবেন।

বর্ণাঢ্য কর্মজীবনের শুরুতে জনাব আহমদ কায়কাউস মাঠপ্রশাসন এবং মন্ত্রণালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। পেশাগত জীবনে দায়িত্ব পালনের পাশাপাশি তিনি টেক্সাস বিশ্ববিদ্যালয় থেকে ‘পাবলিক পলিসি এন্ড পলিটিক্যাল ইকোনোমিক্স’ বিষয়ে পিএইচডি ডিগ্রি লাভ করেন। চাকুরি জীবনে তিনি অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়সহ সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়/বিভাগে কর্মরত ছিলেন। ড. আহমদ কায়কাউস ২০১৬ সালে বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত সচিবের দায়িত্ব পালন করেন। তিনি গত ২৩ ফেব্রুয়ারি ২০১৭ সালে সচিব হিসাবে একই বিভাগে যোগদান করেন এবং ২৭ ফেব্রুয়ারি ২০১৯ সালে সিনিয়র সচিব হিসেবে পদোন্নতি প্রাপ্ত হন। সর্বশেষ ড. আহমদ কায়কাউস গত ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে প্রধানমন্ত্রীর মুখ্যসচিব হিসাবে নিযুক্ত হন।

ড. আহমদ কায়কাউস সুদীর্ঘ সময় প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত থেকে পেশাদারিত্ব, দক্ষতা, বিচক্ষণতা ও সুনামের সঙ্গে দায়িত্ব পালনের মাধ্যমে দেশ ও জাতির কল্যাণে কাজ করেন। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব হিসাবেও তাঁর কর্তব্যপরায়ণতা, সার্বক্ষণিক পরিবীক্ষণ ও তদারকি সরকারের বিভিন্ন অগ্রাধিকার কর্মসূচির দ্রুত বাস্তবায়নসহ সার্বিক কর্মকাণ্ডে উত্তাবনী ও গতিশীলতা সঞ্চার করেছে।

দেশ ও জাতির সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মন্ত্রিসভা ড. আহমদ কায়কাউসকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাচ্ছে একইসঙ্গে বিশ্বব্যাংকের বিকল্প নির্বাহী পরিচালক হিসেবে দায়িত্ব পালনের ক্ষেত্রে তাঁর সর্বাঙ্গীণ সাফল্য কামনা করছে।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।।

হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd